বিরোধী দলের অরাজকতা রুখে দিয়ে আবারো নৌকায় ভোট দিন



দামুড়হুদার কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় মাঠে সামাজিক সুরক্ষা ও সুবিধাভোগীদের সাথে মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।এ সময় এমপি হাজী মোঃ আলী আজগার টগর বলেন, মাননীয় প্রধানমন্ত্রী অসহায় মানুষের কথা চিন্তা করে দেশে সকল প্রতিবন্ধি, বিধবা, বয়স্ক ও শিশু ভাতাসহ অসংখ্যক ভাতা প্রদান করছে সরকার। শেখ হাসিনা দেশের মানুষের কথা চিন্তা করে। দেশের উন্নয়নের কথা ভাবে।
অতীতে কোনো সরকার প্রতিবন্ধীদের কথা ভাবেন নাই, গর্ভধারণ নারীদের নিয়ে চিন্তা করেন নাই, গরীবদুঃখী শিশুদের পুষ্টির কথা ভাবেন নাই, অবহেলিত বয়স্ক বৃদ্ধ-বাবা মায়েদের কথা ভাবেন নাই, তাঁরা কিভাবে জীবন যাপন করেন। কোন সরকার দুস্থ রোগীদের চিকিৎসার কথা ভাবেন নাই, শেখ হাসিনার সরকার ভেবেছে।
কোন সরকার ভাবেন নাই, কিভাবে অসহায় পরিবারের শিক্ষার্থীরা লেখাপড়া করবে, শেখ হাসিনা সরকার ভেবেছে। বঙ্গবন্ধুর নাতনি জননেত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াাজেদ পুতুল আজ প্রতিবন্ধীদের নিয়ে কাজ করছেন। তিনি সারাদেশের প্রতিবন্ধীদের কর্মসংস্থান ও তাদের জীবন মান উন্নয়নে ব্যাপক ভূমিকা পালন করছেন। তিনি আরো বলেন, আমি আপনাদের সন্তান আপনাদের ভাই, আপনাদেরই ছেলে আরেকবার জাতীয় সংসদ নির্বাচনে নৌকা মার্কায় ভোট চাইছি এবং ভোট দিয়ে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে এবং রাষ্টিয় ক্ষমতায় আবারো শেখ হাসিনাকে বসাতে হবে। আপনারা সবাই নৌকায় ভোট দিবেন। তিনি আরো বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনে যদি আপনারা ভুল করেন তাহলে বিএনপি জামাত আবারো মানুষকে জিম্মি করবে। সন্ত্রাসের রাজত্বকায়েম করবে। সকল প্রকার ভাতা বাতিল করবে। যদি আরো সুবিধা পেতে চান তাহলে নৌকায় ভোট দিতে হবে এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জন্য দোয়া কামনা করে বক্তব্য শেষ করেন। এর আগে তিনি ভাতাভোগীদের নিকট থেকে সরকারের উন্নয়ন কথা মনোযোগসহকারে শুনেন তিনি।
দামুড়হুদা উপজেলায় ইউনিয়ন পর্যায়ে গতকাল শনিবার সকাল সাড়ে ১০ টার

উপজেলা ছাত্রলীগের সভাপতি রিংকু প্রমুখ।

দামুড়হুদার বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শনে জেলা প্রশাসক ও পুলিশ সুপার



চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও পুলিশ সুপার দামুড়হুদা উপজেলার বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শন করেছেন।

শনিবার দুপুর ১ টার দিকে দামুড়হুদা উপজেলার বিভিন্ন পূজামণ্ডপ সরেজমিনে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা ও জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন পরিদর্শন করেন। পূজা মণ্ডপ পরিদর্শনকালে জেলা প্রশাসক ও পুলিশ সুপার সনাতন ধর্মাবলম্বী ভক্ত বৃন্দের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং পূজার নিরাপত্তাসহ সার্বিক খোঁজখবর নেন।

উল্লেখ্য, চুয়াডাঙ্গা জেলায় এ বছর ১২১টি পূজামণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। প্রতিটি পূজা মণ্ডপে নিজস্ব সেচ্ছাসেবক ছাড়াও সার্বক্ষণিক পুলিশ ও আনসার বাহিনীর সদস্যরা উপস্থিত রয়েছেন । এছাড়াও সাদা পোশাকে ডিবি, ডিএসবি এবং ট্রাফিক পুলিশ সার্বক্ষণিক মাঠে কাজ করছেন।পূজা মন্ডপ পরিদর্শন কালে আরও উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর, পুলিশ পরিদর্শক (নিঃ) অফিসার

ইনচার্জ, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের ইনচার্জ মাহমুদুর রহমান সহ বিভিন্ন পদমর্যাদার অফিসারবৃন্দ।

আলমডাঙ্গায় দিলীপ কুমার আগরওয়ালার কর্মীসভা



আলমডাঙ্গায় দিলীপ কুমার
আগরওয়ালার কর্মীসভা

কেন্দ্রীয় আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ-কমিটির সদস্য দিলীপ কুমার আগরওয়ালার পক্ষে আলমডাঙ্গার জামজামি ইউনিয়নে এক কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে।
শনিবার ২১ অক্টোবর বিকেলে জামজামি বাজারে দিলীপ আগরওয়ালার সমর্থক গোষ্টির ব্যানারে এ কর্মি সভা ও শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।
কর্মি সমাবেশে দিলীপ কুমারর আগরওয়ালা বলেন-দেশের জনগণকে সাথে নিয়ে বিএনপি-জামাতের আগুন সন্ত্রাসের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। বিএনপি-জামায়াত এদেশে র উন্নয়নে বাঁধাগ্রস্ত করতে ষড়যন্ত্র লিপ্ত। তারা আবারও দেশে জ্বালাও পোড়াওয়ের রাজনীতি শুরু করতে চাই।
মনে রাখবেন সঠিক সময়ে সংবিধান অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচন হবে। বিএনপি-জামায়াত কিন্তু বানচাল করার জন্য ষড়যন্ত্র করছে। যদি তারা নির্বাচন বানচাল করার চেষ্টা করে তাহলে জনগণ বিএনপি-জামায়াতের এই চক্রান্ত প্রতিহত করবে।
আপনারা মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়ন বাড়ি বাড়ি গিয়ে মানুষের মাঝে তুলে ধরবেন। আজকে সাধারণ মানুষ কেনো নৌকায় ভোট দিবে? কারণ এই সরকারের আমলে দেশ উন্নয়নেন রোল মডেল হিসেবে পৃথিবীর

বুকে এগিয়ে চলেছে।
উন্নয়নের এই ধারা অব্য্হত রাখতে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে আবারও ক্ষমতায় আনতে হবে। আমি বলি উন্নয়নের সরকার,বার বার দরকার। শেখ হাসিনার সরকার, বারবার দরকার।
তিনি বলেন,আমি কেনো আপনাদের কাছে এসেছি। আমি মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন মানুষের মাঝে তুলে ধরতেই আপনাদের কাছে এসেছি। এবং নৌকার পক্ষে ভোট চাইতে এসেছি। নৌকা যেই পাক আমি নৌকার পক্ষের মানুষ। যিনি নৌকা পাবেন আমি তাঁকে বলবো তিনি যেনো স্মার্ট চুয়াডাঙ্গা গড়ে।
যদি আমি সুযোগ পাই,যদি জনপ্রতিনিধি হতে পারি তাহলে আপনাদের সাথে নিয়ে স্মার্ট চুয়াডাঙ্গা গড়তে কাজ করবো।
কর্মী সভায় সভাপতিত্ব করেন আওয়ামী লীগ নেতা এস এম আশরাফুল করিম রিপন শাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক তথ্য ও গবেষনা বিষয়ক সম্পাদক কাউসার আহমেদ বাবলু, ৭১’র অগ্নিসেনা বীর মুক্তিযোদ্ধা মঈনদ্দীন পারভেজ,পদ্মবিলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আবু তাহের বিশ্বাস,মোমিনপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক জোয়ার্দ্দার,কুতুবপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শাখাওয়াত হোসেন টাইগার, গাংনি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রাকিবুল হাসান। ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম দিপু, উপজেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ন সম্পাদক হাজী রবিউল হক,জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক চিৎলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জিল্লুর রহমান, জেলা মৎসজীবি লীগের সভাপতি শাহাবুল হক, খাদিমপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল হালিম,জামজামি ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারন সম্পাদক কামাল হোসেন প্রমুখ।

দর্শনায় গাঁজাসহ গ্রেফতার-২

দর্শনার হিজলগাড়ী ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে গাঁজাসহ তুহিন হোসেন ও রাজু আহম্মেদকে গ্রেফতার করেছে।



শুক্রবার দুপুর ১টার দিকে দর্শনা-হিজলগাড়ী সড়কের জোবালনুর মসজিদের সামনে হিজলগাড়ী ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান চালায়। এসময় পুলিশ একটি মাটরসাইকেলের গতিরোধ করে আরহীদের দেহতল্লাশী করে ৫শ গ্রাম গাঁজা পেয়ে,নেহালপুর ইউনিয়নের কষ্ণপুর স্কুল পাড়ার শফিকুল ইসলামের ছেলে তুহিন হোসেন (৩০) ও কোটালী গ্রামের আব্দুল মমিনের ছেলে রাজু আহম্মদকে (৩৫) গ্রেফতার করে। দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা জানান, গোপন সংবাদের ভিত্তীতে হিজলগাড়ী ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই শেখ রকিবুল ইসলাম এবং সঙ্গীয় ফোর্স নিয়ে শুক্রবার দুপুরে অভিযান চালিয়ে তুহিন ও রাজুকে ৫শ গ্রাম গাঁজাসহ গ্রেফতার করা হয়। এসময় তাদের ব্যবহৃত মোটরসাইকলটি জব্দ করা হয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে।

চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধু বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত



চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) এর ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা ক্রিয়া সংস্থার আয়োজনে এই টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।
চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়। এ সময় তিনি বলেন,,জয়-পরাজয় মিলেই খেলাধুলা। এটা মেনে নিয়ে এগিয়ে যাওয়ার মানসিকতা তৈরি করাটাই অত্যন্ত জরুরি। খেলাধুলা শারীরিক গঠন, মানসিক বিকাশ ও নেতৃত্ব গড়ে তুলতে সহায়তা করে। তাই লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা একান্তভাবে জরুরি। তিনি বিজয়ী, বিজিত ও খেলায় অংশগ্রহণকারী- সবাইকে অভিনন্দন জানান।
এ সময় তিনি আরও বলেন, আগামী স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট নাগরিকের পাশাপাশি স্মার্ট খেলোয়াড় দরকার।মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকল ছাত্র ছাত্রীদের খেলার জন্য আলাদা কিছু ভাবছে। তাই বেশি বেশি খেলার অনুশীলনী করতে হবে। যারা খেলাধুলা করেন, তাঁদের মন ভালো থাকে, তাঁরা শান্তিতে থাকেন। মাদক, সন্ত্রাস ও জঙ্গি তৎপরতা থেকে দূরে থাকেন। সুন্দর সমাজ গঠন করতে বেশি করে খেলাধুলার আয়োজন করার আহ্বান জানান তিনি।
ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার, চুয়াডাঙ্গা জেলা ফুটবল এসোসিয়েশন সভাপতি এখলাছ উদ্দিন সুজন সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা ক্রিয়া সংস্থার কর্মকর্তা বৃন্দ।

আলমডাঙ্গার গোবিন্দপুর মাঠপাড়ায় দুর্গাপূজার উদ্বোধন

আলমডাঙ্গা গোবিন্দপুর মাঠপাড়ায় সার্বজনীন কালিমন্দির প্রাঙ্গণে দুর্গাপূজার উদ্বোধন করা হয়েছে। শুক্রবার সন্ধ্যা ৬ টার দিকে জেলা আওয়ামী লীগের সদস্য ও সাবেক হারদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে ফিতা কেটে দুর্গাপূজার উদ্বোধন করেন।
এসময় তিনি বলেন, ধর্ম যার যার উৎসব সবার। ধর্মের অজুহাতে অনেকে নৈরাজ্য সৃষ্টির চেষ্টা করে। তবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান সকল ধর্মকে শ্রদ্ধার সাথে দেখেছেন।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাহাবুদ্দিন, এম সবেদ আলি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ঠান্ডু রহমান।
উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন দুর্গাপূজা উদযাপন কমিটির সভাপতি প্রকাশ কুমার ব্যাধ, সাধারণ সম্পাদক আতিক কুমার ব্যাধ। এছাড়া ব্যাধ সম্প্রদায়ের নেতৃত্বের প্রধান বিধান কুমার ব্যাধ, অচিন্ত কুমার ব্যাধ, লালু কুমার ব্যাধ, শংকর কুমার ব্যাধ, সাগর, সঞ্জিত, অজয়, লিটন, প্রশান, কাঞ্জন, মিঠুন, সওদাগর, বিক্রম, রুবেল, আশিক, সাজিত, অজিত, রাহুল, মিঠুন, হৃদয়, নিশান প্রমূখ।

জয়রামপুরে স্বতন্ত্র এমপি

প্রার্থী জাহাঙ্গীর আলমের গণসংযোগ



আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী জাহাঙ্গীর আলম গণসংযোগ কালে গাছের চারা এবং কবুতরের বাচ্চা বিতরণ করেছেন।
শুক্রবার বিকাল সাড়ে ৪টার দিকে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর বাড়ুইপাড়ায় জাহাঙ্গীর আলমের গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়। এসময় তিনি আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে চুয়াডাঙ্গা-২ আসনের ভোটারদের কাছে দোয়া চান। অনুষ্ঠানে আব্দুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী জাহাঙ্গীর আলম। এসময় তিনি বলেন আমি যদি এমপি হতে পারি তাহলে আপনাদের সেবক হিসেবে মুরুব্বিদের দিক নির্দেশনায় চুয়াডাঙ্গা-২ আসনের এলাকাবাসীর ভাগ্য উন্নয়নের লক্ষ্যে সর্বদাই জনগণের পাশে থেকে কাজ করে যাবো। তাই আপনাদের দোয়া ও সমর্থন কমনা করছি। আমি নির্বাচনী এলাকার অসহায় ও সাধারণ মানুষের পাশে সব সময় আছি এবং থাকবো। সাইফুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জয়নাল আবেদীন, মোংলা মন্ডল, সামাদ আলী, তৈয়ব আলী, সেলিম উদ্দীন সহ জয়রামপুর বাড়ুইপাড়া গ্রামবাসী।

ফিলিস্তিনে হামলার প্রতিবাদে জীবননগরে বিক্ষোভ সমাবেশ



ফিলিস্তিনিদের ওপর ইজরায়েলের হামলার প্রতিবাদে জীবননগরে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
আজ শুক্রবার জুমার নামাজের পর জীবননগর শহরের সকল মসজিদের মুসল্লীরা একত্রিত হয়ে জীবননগর বাসস্ট্যান্ডে এই প্রতিবাদ সমাবেশ করে।
প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন জীবননগর বাসস্ট্যান্ড মসজিদের খতিব মাওলানা আখতারুজ্জামান, এছাড়া আরো বক্তব্য রাখেন জীবননগর পৌর কেন্দ্রীয় বাজার জামে মসজিদের খতিব মাওলানা আবুজার গিফারী। এ সময় বক্তারা বলেন অবিলম্বে ফিলিস্তিনিদের উপর ইজরায়েলের বর্বরোচিত হামলা বন্ধ করতে হবে। এসময় অসহায় ফিলিস্তিনিদের জন্য আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা করে দোয়া করে প্রতিবাদ সমাবেশের সমাপ্তি ঘোষনা করা হয়।

জীবননগরে আইনশৃংখলা বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলায় আইনশৃংখলা ও চোরচালান বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহসপ্রতিবার বেলা ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে উপজেলায় আইনশৃংখলা ও চোরচালান প্রতিরোধ বিষায়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র,বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান,উপজেলা

কৃষি অফিসার মনিরুজ্জামান,সাংবাদিক জাহিদ বাবু,মিঠুন মাহমুদ প্রমুখ।

আলমডাঙ্গার পারকুলায় ছাগল-ভেড়ার জন্য নির্মিত ক্লাইমেট স্মার্ট সেডের উদ্বোধন

আলমডাঙ্গা উপজেলা প্রাণী সম্পদ অধি দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের আয়োজনে প্রাণী সম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের অর্থায়নে বিনিয়োগ সহায়তার আওতায় ছাগল-ভেড়ার জন্য নির্মিত ক্লাইমেট স্মার্ট সেডের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বিকেল ৩টার দিকে পারকুলা পিজি চত্বরে ৮ লক্ষ টাকা ব্যায়ে নির্মিত ৪০টি ক্লাইমেট স্মার্ট সেডের আনুষ্ঠানিকভাবে শুভ উদ্বোধন করেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা বলেন,আমি শুনেছি আপনাদের একটা গ্রুপ আছে। এই ঘরগুলোর জন্য সঞ্চয় দিতে হয়েছে। তখন যারা সঞ্চয় দিয়েছেন তারাই এই ঘরের সুবিধাটা ভোগ করছেন। যারা খামারি আছে অনেকেই ৫০ বা ১০০ টাকা সঞ্চয় দেননি তারা কিন্তু এ সুবিধাটা পাচ্ছেন না। এখন অনেকেই আফছোস করছেন, আমি যদি সঞ্চয় জমা দিতাম তাহলে আমি একটা ঘর পেতাম।

দেখেন,মাননীয় প্রধানমন্ত্রীর চিন্তা চেতনা অনেক দূরদর্শি। তিনি চিন্তা করেন কালকের জন্য না। আগামী ২০ বছর পরের কথা চিন্তা করেন। আগামী ১০০ বছরে কি হবে উনার সেই পরিকল্পনা কিন্তু আমরা বাস্তবায়ন করছি।

উদ্বোধনি অনুষ্ঠানের আলোচনা সভায় সভাপতিত্ব করেন প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমন আহমেদ ডন, সহকারী কমিশনার

(ভূমি) রেজওয়ানা নাহিদ, কৃষি অফিসার রেহানা পারভীন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, ইন্সটেক্টর জামাল হোসেন, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাক্তার মুস্তাকিম মুকুট, কালিদাসপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আসাদুল হক মিকা, প্রেসক্লাব সভাপতি খন্দকার সাউলাম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম, কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় বক্তব্য রাখেন শিক্ষক মুফতি মাসুদুজ্জামান, বাসুদেব বিশ্বাস, খামারি রুলিয়া খাতুন, ইউপি সদস্য সাদিয়া খাতুন, আলিয়া খাতুন, ডলি খাতুন, আওয়ামী লীগ নেতা লিংকন জোয়ার্দ্দার, শেখ আতাউল হক, আব্দুল হান্নান, এনামুল হক জামাল উদ্দিন প্রমূখ।